

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০২.২০১৯/ ২০৪৩৭/০৬


তারিখ: ২০/১০/২০১৯ খ্রি:

বিষয়: সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ-এ দু'টি ছাত্রীনিবাসের নাম বঙ্গমাতা 'শেখ ফজিলাতুন্নেছা মুজিব' ও দেশরত্ন জননেত্রী 'শেখ হাসিনা' নামকরণের অনুমতি প্রদান সংক্রান্ত

সূত্র: কলেজ স্মারক নং সদেক/২০১৯/ডি-১/৫৮৬, তারিখ: ২২/০৯/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ-এ পূর্বনির্মিত ও নবনির্মিত ছাত্রীনিবাস দু'টির নাম যথাক্রমে বঙ্গমাতা 'শেখ ফজিলাতুন্নেছা মুজিব' ও দেশরত্ন জননেত্রী 'শেখ হাসিনা' নামকরণের অনুমতি প্রদানের লক্ষ্যে আনুষঙ্গিক কাগজপত্রাদিসহ আবেদনপত্র অধ্যক্ষ কর্তৃক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে দাখিল করা হয়েছে। দাখিলকৃত আবেদনে নিম্নোক্ত কাগজপত্রাদির ঘাটতি/প্রয়োজনীয়তা থাকায় বিষয়টি বিবেচনার সুযোগ নেই মর্মে এতদ্বারা নির্দেশক্রমে তাঁকে অবহিত করা হলো।

| ক্র. | কলেজের নাম                          | ঘাটতি/প্রয়োজনীয় কাগজপত্রাদি ও মন্তব্য   |
|------|-------------------------------------|---|
| ০১   | সরকারি দেবেন্দ্র কলেজ<br>মানিকগঞ্জ। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের নামে কোনও প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের অনুমোদন গ্রহণ আবশ্যিক। |

  
২০/১০/২০১৯  
(এ. কে. এম. মাসুদ-১৩৪৭০)  
সহকারী পরিচালক (কলেজ-১)  
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ  
সরকারি দেবেন্দ্র কলেজ  
মানিকগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। সংরক্ষণ নথি।